তারিখ ... 21 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ... ......

সংবাদ

# জঙ্গিবাদ নির্মূলে সামাজিক আন্দোলন গড়ে তোলার বিকল্প নেই : শিক্ষামন্ত্রী

প্রতিনিধি, রাজশাহী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জঙ্গিবাদ নির্মূল করতে সামাজিক আন্দোলন গড়ে তোলার কোন বিকল্প নেই। তিনি বলেন, সামাজিক প্রতিরোধ, সচেতনতা বৃদ্ধি এবং জঙ্গিবাদের বিরুদ্ধে তৃণমূল পর্যায়ে আন্দোলন গড়ে তোলার মাধ্যমেই জঙ্গিবাদের মূল্যোৎপাটন করা সম্ভব।

মন্ত্রী গত সোমবার ১২টায় রাজশাহী মেডিকেল কলেজের ডা. কাইছার রহমান চৌধুরী অডিটোরিয়ামে ‘ শিক্ষার পরিবেশ উন্নয়ন এবং জঙ্গিবাদ নির্মূলে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থাপনা’ বিষয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। এ সময় সংসদ সদস্য ফজলে হোসেন বাদশা তার সঙ্গে ছিলেন।

মন্ত্রী বলেন, ইসলাম শান্তি ও মানবতার ধর্ম। ইসলামে জঙ্গিবাদের কোন স্থান নেই। তিনি বলেন, কিছু কুচক্রীমহল নিজেদের স্বার্থ আদায়ের উদ্দেশ্যে কোমলমতি কিছু শিক্ষার্থীকে ব্যবহার করছে। অনেক সময় মেধাবী শিক্ষকরাও তাদের ফাঁদে পা দিচ্ছেন। এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে প্রকৃত ইসলামী শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে। সর্বস্তরে সামাজিক আন্দোলন গড়ে তুলে বিভ্রান্তির পথ থেকে তাদের সঠিক পথে ফিরিয়ে আনতে হবে।

রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সদর আসনের সংসদ সদস্য ফজলে হোসেন বাদশা। মতবিনিময় সভায় রাজশাহীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানসহ প্রায় শিক্ষক ও অন্য প্রতিনিধি উপস্থিত ছিলেন।